যুগান্তর

তারিখ 04 MAY 2008
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ত্রিশাল নজরুল ভার্সিটিতে শিক্ষার্থীদের পরীক্ষা ও ক্লাস বর্জন : বিক্ষোভ

ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা শনিবার ৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে পরীক্ষা ও ক্লাস বর্জন করে ক্যাম্পাসের কলা এবং বিজ্ঞান ভবনে তালা ঝুলিয়ে বিক্ষোভ প্রদর্শন করেছেন। পরে তারা প্রশাসন ভবনের সামনে মানববন্ধন ও সমাবেশ করেন।

প্রথম ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীরা তাদের ৫ দফা দাবি সেমিস্টার ফি সর্বোচ্চ ৫০০ টাকা, হল চার্জ ৫০ টাকা, লাইব্রেরি খুলে দেয়া, যানবাহনের ব্যবস্থা ও ইন্টারনেট চালুর দাবিতে ক্যাম্পাসের কলা এবং বিজ্ঞান ভবনের মূল ফটকে সকাল ৯টার দিকে তালা ঝুলিয়ে দেন। শিক্ষার্থীরা জানান, তারা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মিডটার্ম-১-এর কম্পিউটার ফান্ডামেন্টাল পরীক্ষা ও সব বিভাগের ক্লাস বর্জন করেন। এছাড়াও একই বিভাগের দ্বিতীয় সেমিস্টার মিডটার্ম-১ পরীক্ষার ফরম পূরণের শেষ তারিখ শনিবার থাকলেও কেউ ফরম পূরণ করেননি। সকাল ১০টায় ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে প্রশাসনিক ভবনের পাশে চড়ুইতলায় গিয়ে সমবেত হন। পরে উপাচার্য সব শিক্ষককে নিয়ে জরুরি বৈঠকে বসলে, ছাত্রছাত্রীরা প্রশাসন ভবনের সামনে মানববন্ধন করেন এবং শেষে আবার চড়ুইতলায় সমাবেশ করে ৫ দফা দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার ঘোষণা দেন। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি এ প্রতিনিধিকে জানান, বিশ্ববিদ্যালয়ের কিছু অনিয়মিত ছাত্র কারও কারও ইন্ধনে এ ধরনের কর্মসূচি নিয়েছে।